

প্রজাপতি

মাহমুদা রুন্না



(১)

একটা জীবন অঙ্ক কষে
ভুলের মাশুল রপ্তে পোষে।
প্রজাপতির রঙের পুলক
বৈভবের এক মোহের ঝলক।
LCD চাই, PLASMA টিভি
পষ্ট ছবি দেখব নিতি।

(২)

কাট্রিনা আর ভূকম্পনে অগনিত সমাধি
মৃত্যুর ভয়াল অরোধ্য পরিধি।
এক তানভির আর এক হৃদয়
দুরারোগ্য ব্যাধীর মুঠোয়।
পাঞ্জা লড়ে মরন সাথে
প্রজাপতির রং মুছে যায়, বীজন পথে।

(৩)

প্রজাপতি পথ ভুলে যায়
পথের পরের পথের মাঝে,
কল্পনার গল্পগাথায়
মহান ব্রতের মানব খোজে, সকাল সাঝে।

(৪)

অনুভবের গহীন পথের
ভালবাসার পরাগ-রেনু
প্রজাপতির ডানায় ধরে
মহেন্দ্রমন ছড়ায় যেন।
কাট্রিনাতে, ভূমিকম্পে, ক্যান্সারে আর দুর্যোগে
জন্মের জয় মানবতায়, মনুষ্যত্বের উদ্বোধনে।

(৫)

এসো নবীন, এসো প্রবীন, হাতে ধরি
মৃত্যুঞ্জয়ী শাস্ত্রত বীণ।
প্রজাপতির পাখায় পাখায় বার্তা করি
'মৃত্যু থামাও, মৃত্যু থামাও, সামনে সুদিন।'

১৭ নভেম্বর ২০০৫